গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২৩- ৪৪২৫ তারিখঃ ২২/১১/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ------- পাতা।

২২/১১/২০২৩

মাকসুরা নূর এনডিসি
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইলঃ info@dgnm.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
(দৃঃ আঃ যুগ্মসচিব, প্রশাসন -৩ অধিশাখা।)

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২৩- ৪৪২৫/১(৫) তারিখঃ ২২/১১/২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সিনিয়র সহকারি সচিব (প্রশাসন- ৩ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,মহাখালী, ঢাকা।

সহকারী পরিচালক (সমন্বয়)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

## ২০২৩-২৪ অর্থবছরের নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|---|
| ০১. | **২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সার্বিক পর্যালোচনাঃ** ২০২২-২০২৩ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কর্যক্রম বাস্তবায়ন সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচন্য করেন। | ২০২২-২০২৩ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কার্যক্রম সম্পন্ন করে বার্ষিক স্ব- মূল্যায়ণ প্রতিবেদন মন্ত্রণালয়ে যথা সময়ে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২২-২০২৩ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সকল কার্যক্রম সম্পন্ন করে বার্ষিক স্ব- মূল্যায়ণ প্রতিবেদন ১১/০৭/২০২৩ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২২-২৬৬৫ নং স্মারকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ০২. | **সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণঃ** সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের গুরুত্ব নিয়ে সভায় আলোচনা করা হয়। | ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৪ (সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ) বাস্তবায়নের লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে ৫০ জন করে ০৪ ত্রৈমাসিকে মোট ২০০ জন নার্সিং কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৪ (সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ) বাস্তবায়নের লক্ষ্যে ১৭-১৮ আগষ্ট ২০২৩খ্রিঃ তারিখে ১ম ত্রৈমাসিকের ৫০ জন নার্সিং কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ০৩. | **পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শন ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগনের পোষাক পরিধান নিশ্চিতকরণঃ** পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শন এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ৪র্থ শ্রেণীর কর্মচারীগণের পোষাক পরিধান নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | আভ্যন্তরীন কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে ১ম ও ৩য় ত্রৈমাসিকে পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ৪র্থ শ্রেণীর কর্মচারীগণের পোষাক পরিধান নিশ্চিত করার লক্ষ্যে পোষাকের রং নির্বাচন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | আগামী ১০/০৯/২০২৩খ্রিঃ তারিখে কলেজ অব নার্সিং মহাখালীর আভ্যন্তরীন কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে ১ম ত্রৈমাসিকের পরিষ্কার পরিচ্ছন্নতা পরিদর্শন করা হয়েছে। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ৪র্থ শ্রেণীর কর্মচারীগণের পোষাক পরিধান নিশ্চিত করার লক্ষ্যে পোষাকের রং নির্বাচন করা হয়েছে। |
| ০৪. | **পরিদর্শনকৃত প্রতিষ্ঠানসমূহের সুপারিশমালা বাস্তবায়ন নিশ্চিতকরণঃ** সভাপতি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে হাসপাতালসমূহ পরিদর্শনের গুরুত্ব পর্যালোচনাপূর্বক সুপারিশমালা বাস্তবায়ন নিশ্চিতকরনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন হাসপাতালসমূহের নার্সিং সেবার মান উন্নয়নের লক্ষ্যে পরিদর্শনকৃত প্রতিষ্ঠানসমূহের সুপারিশমালা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। প্রতিবেদনসমূহ পর্যালোচনা করে বাস্তবায়নের লক্ষ্যে সুপারিশমালা নির্ধারণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এর পাশাপাশি সারাদেশের সরকারি হাসপাতালসমূহে আকস্মিক পরিদর্শন অব্যহত রাখতে হবে। | নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিকের সভার পূর্বে পরিদর্শনকৃত প্রতিষ্ঠানসমূহের প্রতিবেদনগুলো পর্যালোচনা করে সুপারিশমালা নির্ধারণ করা হবে। সারাদেশের সরকারি সেবা ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আকস্মিক পরিদর্শন অব্যহত রাখার লক্ষ্যে ৩০/০৭/২০২৩ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২৩-২৯২৩ নং স্মারকে ২০২৩-২০২৪ অর্থ বছরে জন্য পরিদর্শন টিম গঠন করা হয়েছে। |
| ০৫. | **ফিডব্যাক কর্মশালাঃ** ফিডব্যাক কর্মশালা অয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিভিন্ন সেবা এবং শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তাদের সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ দেওয়া হয় ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে তাদেরকে নিয়ে ফিডব্যাক কর্মশালা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভিন্ন সেবা এবং শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তাদের সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, ১ম ত্রৈমাসিকে তাদেরকে নিয়ে গত ১৯.০৯.২০২৩ তারিখে ফিডব্যাক কর্মশালা করা হয়েছে। |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | **গণশুনানীঃ** নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানসমূহে গণ শুনানীর আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন সেবা প্রতিষ্ঠানসমূহে কার্যক্রম ৩.২ বাস্তবায়নে যথা সময়ে গণশুনানীর আয়োজন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নার্সিং সেবার মান উন্নয়নে আগামী ২০/০৮/২০২৩ তারিখে জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতালে গণশুনানীর আয়োজন করা হয়েছে। |
| ০৭. | **বিবিধঃ**<br>**ক) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে লাইব্রেরী স্থাপন**<br>**খ) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ডে কেয়ার সেন্টার স্থাপন** | ক) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে লাইব্রেরী স্থাপনের লক্ষ্যে স্থান নির্বাচন করতে হবে এবং বইয়ের তালিকা তৈরি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ডে কেয়ার সেন্টার স্থাপন করার লক্ষ্যে ২য় ত্রৈমাসিক সভার পূর্বে স্থান নির্বাচন করতে হবে। | ক) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে লাইব্রেরী স্থাপনের লক্ষ্যে স্থান নির্বাচন করা হয়েছে এবং বই, আসবাবপত্র, ও যন্ত্রপাতির তালিকার খসড়া করা হয়েছে।<br>খ) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে ডে কেয়ার সেন্টার স্থাপন করার লক্ষ্যে স্থান নির্বাচন করা হয়েছে। |

১২.১১.২০২৩

মহাপরিচালক মহোদয়

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।